অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2021 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো আরও কাউন্টিতে জরুরী অবস্থা ঘোষণা করেছেন কারণ মঙ্গলবার রাত জুড়ে ভারী তুষারপাত, উচ্চ বাতাস এবং উপকূলীয় বন্যার দ্বারা রাজ্যের উপর প্রভাব ফেলেছে

নিউ ইয়র্ক সিটির জন্য জরুরী অবস্থা জারি করা হয়েছে, সেই সাথে আলবানি, ব্রুম, কাইয়ুগা, চেমুং, চেনাঙ্গো, ক্লিনটন, কলম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, এসেক্স, ফুলটন, গ্রীন, হ্যামিলটন, হার্কিমার, ম্যাডিসন, মন্টগোমারি, নাসাউ, ওনিডা, ওনোন্দাগা, অরেঞ্জ, ওটসেগো, পুটনাম, রেনসেলার, রকল্যান্ড, সারাটোগা, শেনেকটাডি, স্কোহারি, শুইলার, সেনেকা, সাফোক, সালিভান, টিওগা, টম্পকিন্স, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েস্টচেস্টার এবং ইয়েটস কাউন্টিতেও জরুরী অবস্থা জারি করা হয়েছে

গভর্নর নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের 130 জন সদস্যকে জরুরী প্রতিক্রিয়ার প্রচেষ্টায় সাহায্য করার জন্য সব চেয়ে ক্ষতিগ্রস্ত এলাকায় মোতায়েন করেছেন

নিউ ইয়র্কবাসীদের বাড়িতে থাকতে এবং ভ্রমণ এড়িয়ে চলার অনুরোধ জানানো হয়েছে কারণ ঘূর্ণিঝড়ের মত পরিস্থিতি রাজ্যের বেশীরভাগ এলাকা চেয়ে রাখবে

উপরের গ্রাউন্ড সাবওয়ে সার্ভিস আনুমানিক দুপুর 2টা থেকে স্থগিত করা হয়েছে

লং আইল্যান্ড রেল রোড পরিষেবা স্থগিত করেছে আনুমানিক 2:30 থেকে 3:30 এর মধ্যে, শেষ ট্রেন পেন স্টেশন এবং আটলান্টিক টার্মিনাল থেকে ছাড়ার সাথে; মেট্রো-নর্থ পরিষেবা স্থগিত করেছে আনুমানিক বিকেল 3টায়, গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল থেকে শেষ ট্রেনগুলো রওনা হওয়ার সাথে

সংক্ষিপ্ত এবং দীর্ঘ ট্যানডেম NYC লাইন থেকে অ্যালবানিতে একজিট 24, I-95 এবং I-287; খালি ট্রেলার I-87 এ নিষিদ্ধ এক্সিট 8 থেকে এক্সিট 21A এর মধ্যে, বার্কশায়ার স্পার এবং গভর্নর মারিও এম কুয়োমো ব্রিজের মধ্যে

লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, I-84 এবং বিভিন্ন পার্কওয়ে সহ গুরুত্বপূর্ণ সড়কপথের কিছু অংশ ভ্রমণ নিষেধাজ্ঞার সম্মুখীন হতে পারে যদি তুষারপাতের হার প্রতি ঘন্টায় 2 -3 ইঞ্চির মধ্যে পৌঁছায়

সংক্ষিপ্ত এবং দীর্ঘ ট্যানডেম I-87 নিষিদ্ধ NYC লাইন থেকে অ্যালবানিতে একজিট 24 অবধি, I-

95 এবং I-287; খালি ট্রেলার I-87 এক্সিট 8 থেকে এক্সিট 21A এর মধ্যে নিষিদ্ধ, বার্কশায়ার স্পার এবং গভর্নর মারিও এম কুওমো ব্রিজের মধ্যে নিষিদ্ধ

খালি এবং ট্যানডেম ট্রেলার এছাড়াও সকল MTA সেতু এবং সুড়ঙ্গ, বন্দর কর্তৃপক্ষের সেতু, I-84 এ পেনসিলভানিয়া স্টেট লাইন থেকে কানেক্টিকাট স্টেট লাইন পর্যন্ত, রুট 17 পূর্ব বিংহ্যামটন থেকে নিউ জার্সি স্টেট লাইন এবং I-684 এর সম্পূর্ণ দৈর্ঘের উপর নিষিদ্ধ

গভর্নর কুওমো আজ নিউ ইয়র্কের 44টি কাউন্টি একটি জরুরী অবস্থার আওতায় আনতে ঘোষণা প্রসারিত করেছেন কারণ ধীর গতিতে চলা নরইস্টার আগামী দুই দিনের জন্য ঘূর্ণিঝড়ের মত পরিস্থিতি তৈরি করতে যাচ্ছে, যেখানে 40 থেকে 60 মাইল বেগে ঝোড়ো হাওয়া বইবে। নির্দিষ্টভাবে, জরুরী ঘোষণার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি এবং আলবানি, ব্রুম, কায়ুগা, চেমুং, চেনাঙ্গো, ক্লিনটন, কলম্বিয়া, কর্টল্যান্ড, ডেলাওয়্যার, ডাচেস, এসেক্স, ফুলটন, গ্রীন, হ্যামিলটন, হার্কিমার, ম্যাডিসন, মন্টগোমারি, নাসাউ, ওনেইডা, ওনোন্ডাগা, অরেঞ্জ, ওটসেগো, পুটনাম, রেনসেলার, রকল্যান্ড, সারাটোগা, শেনেকটাডি, স্কোহারি, শুইলার, সেনেকা, সাফোক, সালিভান, টিওগা, টম্পকিন্স, আলস্টার, ওয়ারেন, ওয়াশিংটন, ওয়েস্টচেস্টার, এবং ইয়েটস কাউন্টিতে।

উপরন্তু, গভর্নর কুওমো নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের (New York National Guard) 130 জন সদস্যকে হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড জুড়ে সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে বলে আশা করা হচ্ছে যে জায়গাগুলি, সেখানে মোতায়েন করেছেন। এই নিয়োগের মধ্যে রয়েছে পাঁচটি জরুরী প্রতিক্রিয়ার বাহিনী, যা পাঁচটি যান এবং 20 জন সৈন্য নিয়ে গঠিত, যারা ঝড় সম্পর্কিত বেশ কিছু দায়িত্বে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং জরুরী প্রতিক্রিয়ার কর্মীদের সাহায্য করতে পারে। ইউনিটগুলো লং আইল্যান্ড (106তম রেসকিউ উইং), হাডসন ভ্যালি (105তম এয়ারলিফট উইং), রাজধানী অঞ্চল (109তম এয়ারলিফট উইং), সেন্ট্রাল নিউ ইয়র্ক (174তম অ্যাটাক উইং) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (107তম অ্যাটাক উইং) থেকে এসেছে। এছাড়াও, নিউ ইয়র্ক সিটিতে ভিত্তি করা জয়েন্ট টাস্ক ফোর্স এম্পায়ার শিল্ডের (Joint Task Force Empire Shield) 30 জন সদস্যকে ঝড়ের প্রতিক্রিয়ার মিশনে সহায়তা করার জন্য একত্রিত করা হচ্ছে।

পরিশেষে, গভর্নর নিউ ইয়র্কবাসীদের ভ্রমণ না করার অনুরোধ জানিয়েছেন কারণ এই ঝড় নিউ ইয়র্কের সড়ক পথ এবং রেল লাইনে বিপজ্জনক পরিস্থিতি তৈরি করতে পারে। বন্দর কর্তৃপক্ষ (Port Authority) বিকেল 3টায় PATH পরিষেবা স্থগিত করবে। মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) মাটির উপরের পরিষেবা নিম্নরূপ হবে: নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit) দুপুর 2টায় মাটির উপরের সেবা স্থগিত করবে স্টেটেন আইল্যান্ড রেলওয়ে (Staten Island Railway) এই সময়ে তাদের পরিষেবা চালিয়ে যাবে। লং আইল্যান্ড রেল রোড (Long Island Rail Road) আনুমানিক আনুমানিক 2.30 থেকে 3.30-র মধ্যে পরিষেবা স্থগিত রাখবে, এবং শেষ ট্রেন পেন স্টেশন এবং আটলান্টিক টার্মিনাল থেকে শেষ ট্রেনগুলি ছাড়বে। মেট্রো-নর্থ (Metro-North) বিকেল 3.00-টা নাগাদ তাদের পরিষেবা স্থগিত করবে, এবং শেষ ট্রেনগুলো গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল থেকে ছাড়বে।

উপরন্তু, MTA সেতু এবং সুড়ঙ্গ, পোর্ট অথরিটি সেতু এবং ডাউন স্টেট নিউ ইয়র্ক জুড়ে অন্যান্য রাস্তায় ইতিমধ্যে খালি এবং ট্যান্ডেম ট্রেলার নিষিদ্ধ করা হয়েছে। লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে, I-84 এবং বিভিন্ন পার্কওয়ে সহ বেশ কয়েকটি প্রধান সড়কপথ ভ্রমণ নিষেধাজ্ঞার সম্মুখীন হতে পারে যদি তুষারপাতের হার প্রতি ঘন্টায় দুই থেকে তিন ইঞ্চি হারে পৌঁছায়।

"এই ঝড় সারা রাজ্যজুড়ে অত্যন্ত বিপজ্জনক ভ্রমণ পরিস্থিতির সৃষ্টি করছে, যার ফলে নিউ ইয়র্কবাসীদের বাড়িতে থাকা এবং রাস্তা থেকে দূরে থাকাগুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেন।** "পূর্বাভাসে অনুমান করা হচ্ছে যে আজ বিকেলে তুষারপাতের হার ঘন্টায় দুই ইঞ্চিতে পৌঁছাতে পারে, এবং যখন তা হবে, তখন প্লাওগুলির পক্ষে কাজ চালিয়ে যাওয়া অত্যন্ত কঠিন হবে, বিশেষ করে রাস্তার অন্যান্য যানবাহন থাকলে। আমাদের কর্মী এবং জরুরী প্রতিক্রিয়া প্রদানকারীরা ইতিমধ্যেই কঠোর পরিশ্রম করছে এবং যে কোন এলাকায় যেখানে সাহায্যের প্রয়োজন, সেখানে সাহায্য করতে পুরোপুরি প্রস্তুত। এই ঝড় হাল্কাভাবে নিলে চলবে না, তাই আবারও বলছি, দয়া করে রাস্তা থেকে দূরে থাকুন, আপনার স্থানীয় আবহাওয়ার উপর কড়া নজর রাখুন এবং প্রতিবেশী এবং প্রিয়জনদের খোঁজ নিন নিশ্চিত করতে যে তারা নিরাপদ আছেন।"

এই ঝড়, যা ইতিমধ্যেই ডাউনস্টেটে রাতারাতি তুষারপাত উৎপাদন শুরু করেছে, আশা করা হচ্ছে দীর্ঘমেয়াদী হবে এবং আজ দিন পার করে রাতে উত্তরদিকে বরফ ছড়িয়ে পড়বে এবং বুধবার সকাল পর্যন্ত কিছু জায়গায়, বিশেষ করে নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের কিছু অংশে তুষারপাত চলবে। নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং মিড হাডসন অঞ্চলে সর্বোচ্চ তুষারপাতের সম্ভাবনা রয়েছে, যেখানে মঙ্গলবার সকালে কিছু জায়গায় দুই ফুট পর্যন্ত তুষারপাত হতে পারে। রাজধানী অঞ্চল, সেন্ট্রাল NY, মোহক ভ্যালি এবং সাউদার্ন টিয়ারের অন্যান্য স্থানে মঙ্গলবার সন্ধ্যার শেষে এক ফুট বা তার বেশী বরফ দেখতে পাওয়া উচিত।

ঝড় উত্তরদিকে অগ্রসর হওয়ার সাথে সাথে আজ বিকেলে তুষারপাতের হার প্রতি ঘন্টায় 1 থেকে 3 ইঞ্চি বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। লং আইল্যান্ডে বাতাসের গতিবেগ 50 মাইল বা তার বেশি হতে পারে, বিশেষ করে পূর্ব লং আইল্যান্ডে যেখানে 60 মাইল বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে, অন্য দিকে অনেক জায়গায় 40 মাইল বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। তুষারপাত এবং ভাসমান তুষারপাতের ফলে কিছু জায়গায় দৃশ্যমানতা কমে যাবে এবং কিছু জায়গায় গাড়ি চলাচল অত্যন্ত বিপজ্জনক হবে।

লং আইল্যান্ড এবং কুইন্সের উপকূলীয় এলাকায় একাধিক রাউন্ড বন্যার অভিজ্ঞতা হতে পারে, বিশেষ করে উচ্চ জোয়ারের সময় এবং ঝুঁকিপূর্ণ, নিচু স্থানে। বর্তমান পূর্বাভাসে বলা হয়েছে, নিচু, ঝুঁকিপূর্ণ এলাকায়, বিশেষ করে আজ সন্ধ্যায়, দুই থেকে তিন ফুট জল জমতে পারে যার ফলে অসংখ্য রাস্তা বন্ধ হয়ে যেতে পারে এবং নিচু পার্কিং লট, পার্ক, লন এবং পানির সন্নিকটে থাকা বেজমেন্ট সহ বাড়ি/ব্যবসাগুলিতে ব্যাপক বন্যার সৃষ্টি হতে পারে।

আপনার এলাকায় আবহাওয়া নজরদারি এবং সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার ন্যাশানাল ওয়েদার সার্ভিসের (National Weather Service) ওয়েবসাইট যান করুন।

নিউ ইয়র্কের পরিবহন ব্যবস্থার উপর ঝড়ের প্রত্যাশিত প্রভাবের কথা ভেবে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের কিছু অংশে সংক্ষিপ্ত এবং দীর্ঘ ট্যান্ডেম নিষিদ্ধ রয়েছে। বিশেষ করে, এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটি লাইন থেকে I-87, অ্যালবানিতে এক্সিট 24 পর্যন্ত, এবং তার সাথে I-95 এবং I-287 এর সবগুলোতেই। উপরন্তু, বার্কশায়ার স্পারে I-87 এ এক্সিট 8 থেকে এক্সিট 21A পর্যন্ত, এবং গভর্নর মারিও এম কুওমো ব্রিজে খালি ট্রেলার নিষিদ্ধ করা হয়েছে। I-87 এ নিউবার্গ এবং NYC লাইনের জন্য এক্সিট 17 এবং তার সাথে I-287, I-95 এবং গার্ডেন স্টেট পার্কওয়ের মধ্যে গতি 45 মাইল প্রতি ঘন্টায় গতি সীমিত করা হয়েছে। গভর্নর মারিও এম. কুওমো সেতুতে গতি 35 মাইল প্রতি ঘন্টায় কমিয়ে আনা হয়েছে। স্টেট পার্কওয়ে, রুট 17, I-684 এবং I-84-এ 45 মাইল প্রতি ঘন্টা বেগের গতির অ্যাডভাইসরি নিয়োগ করা হবে।

এছাড়াও থ্রুওয়ে সিস্টেমের বাইরে রাস্তার উপর ট্রেলারের উপর নিষেধাজ্ঞা প্রয়োগ করা হয়েছে। বর্তমানে MTA সেতু এবং টানেল, পোর্ট অথরিটির ব্রিজ, পেনসিলভানিয়া স্টেট লাইন থেকে কানেক্টিকাট স্টেট লাইন অবধি I-84, বিংহ্যামটনের পূর্ব দিকে রুট 17 এ নিউ জার্সি স্টেট লাইন অবধি এবং I-684 এর পুরো দৈর্ঘ্যে খালি ট্রেইলার এবং ট্যান্ডেম ট্রেইলার নিষিদ্ধ।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)

নিউইয়র্ক স্টেট ডিভিশনের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services) জরুরি অপারেশনস সেন্টার (Emergency Operations Center) COVID-19 মহামারীর কারণে সক্রিয় রয়েছে এবং তারা নিকটভাবে আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, রাজ্যের প্রতিক্রিয়া কার্যক্রম পরিচালনা করবে এবং ঘটনার পুরো সময়কালে এলাকাবাসীদের সাথে যোগাযোগ রাখবে। পাম্প, চেইন স, বালির বস্তা জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানি সহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনীয় সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ (Department of Transportation)

রাজ্যজুড়ে 3,645 জন সুপারভাইজর এবং অপারেটর সহ রাজ্য সড়ক বিভাগ পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। তাছাড়াও, সংকটাপন্ন এলাকায় তুষার ও বরফের ক্রিয়াকলাপে সহায়তার উদ্দেশ্যে মোট 162 জন কর্মী, যার মধ্যে আছে: 150 জন ট্রাক অপারেটর, 4 জন প্লাও ক্রু সুপারভাইজার, 2টি ইকুইপমেন্ট অপারেটর ইন্সট্রাক্টর, 4 জন মেকানিক, 1 জন মেকানিক সুপারভাইজার এবং 1 জন সেফটি অফিসার; অন্যান্য অঞ্চল থেকে 24টি ট্রাক, 6টি স্নো ব্লোয়ার এবং 2টি মেকানিক সার্ভিস ট্রাক মোতায়েন করা হচ্ছে। এগুলো নিম্নরূপে বন্টন করা হয়েছে:

মধ্য-হাডসন

- সেন্ট্রাল NY থেকে 25টি প্লাও অপারেটর, 4 জন সুপারভাইজার, 5টি প্লাও ট্রাক এবং 2টি স্নোব্লোয়ার পাচ্ছে
- ফিঙ্গার লেকস থেকে 10টি প্লাও অপারেটর এবং 5টি প্লাও ট্রাক পাচ্ছে
- পশ্চিম নিউ ইয়র্ক থেকে 40 জন প্লাও অপারেটর পাচ্ছে
- নর্থ কান্ট্রি থেকে 11 জন প্লাও অপারেটর পাচ্ছে
- সাউদার্ন টায়ার (বিংহ্যামটন এলাকা):
- পশ্চিম সাউদার্ন টিয়ার থেকে 10টি প্লাও অপারেটর এবং 4টি প্লাও ট্রাক পাচ্ছে
- নর্থ কান্ট্রি থেকে 2টি স্নো ব্লোয়ার পাচ্ছে

লং আইল্যান্ড

- রাজধানী অঞ্চল থেকে 10টি প্লাও অপারেটর, 5টি ট্রাক এবং 1টি স্নো ব্লোয়ার পাচ্ছে
- মোহক ভ্যালি থেকে 20 টি প্লাও অপারেটর, 5টি প্লাও ট্রাক, 1টি স্নো ব্লোয়ার, 2টি মেকানিক এবং 1টি মেকানিক সার্ভিস ট্রাক পাচ্ছে
- সেন্ট্রাল NY থেকে 1 জন সরঞ্জামের পরিচালক পাচ্ছে
- ওয়েস্টার্ন NY থেকে 1 জন মেকানিক সুপারভাইজার পাচ্ছে
- ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার থেকে 1টি সরঞ্জাম অপারেটর প্রশিক্ষক পাচ্ছে টায়ার
- নর্থ কান্ট্রি থেকে 24টি প্লাও অপারেটর, 2টি মেকানিক এবং 1টি মেকানিক সার্ভিস ট্রাক পাচ্ছে
- NYC থেকে 1 জন সেফটি অফিসার পাচ্ছে

আঞ্চলিক কর্মীরা বর্তমানে তুষার ও বরফ প্রস্তুতি ব্যাপারে নিয়োজিত রয়েছেন। ঝড়ের পুরো সময় জুড়ে এবং অগ্রাধিকারযুক্ত পরিষ্কার করার ক্রিয়া কলাপের জন্য সকল আবাসিক স্থানগুলোতে 24/7 কাজ করার জন্য কর্মী নিয়োগ করা হবে। তুষার এবং বরফের জন্য প্রয়োজনীয় সকল উপকরণ প্রস্তুত।

ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1,625টি বড় প্লাও ট্রাক
- 175টি মাঝারি ডিউটি প্লাও
- 52টি টো প্লাউ
- 316টি বড় লোডার
- 38টি স্নো ব্লোয়ার

বর্তমানে, নিম্নলিখিত রাস্তাগুলিতে খালি ট্রেলার এবং ট্যান্ডেম ট্রেলার নিষিদ্ধ করা হয়েছে:

- I-84 পেনসিলভানিয়া স্টেট লাইন থেকে কানেক্টিকাট স্টেট লাইন পর্যন্ত
- রুট 17, পূর্ব বিংহ্যামটন থেকে নিউ জার্সি স্টেট লাইন পর্যন্ত
- I-684 সম্পূর্ণ দৈর্ঘ্য

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) 694 জন সুপারভাইজার ও অপারেটর তৈরি রেখেছে যারা সমগ্র রাজ্য জুড়ে 252টি বড় স্নো প্লাও, 100টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 63টি লোডার কাজে নিয়োজিত করার জন্য প্রস্তুত এবং 119,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করার জন্য প্রস্তুত। থ্রুওয়ে কর্তৃপক্ষ অতিরিক্ত 10টি স্নো প্লাও, 1টি বড় স্নো ব্লোয়ার এবং 20জন অপারেটরকে নিউ ইয়র্ক ডিভিশনে মোতায়েন করেছে তার বাফেলো এবং সাইরাকিউজ ডিভিশন থেকে যেখানে ঝড়ের প্রভাব বেশি হবে বলে আশা করা হচ্ছে।

থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আই ফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোডের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা সাইন আপ করতে পারেন ট্রান্সঅ্যালার্ট ই-মেইলের জন্য যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করবে এখানে।

সংক্ষিপ্ত এবং দীর্ঘ সকল ট্যান্ডেম বর্তমানে নিম্নলিখিত স্থানে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে নিষিদ্ধ:

- I-87 NYC লাইন থেকে এক্সিট 24 (অ্যালবেনি)
- I-95 (নিউ ইংল্যান্ড থ্রুওয়ে)
- I-287 (ক্রস ওয়েস্টচেস্টার এক্সপ্রেসওয়ে)

সকল খালি ট্রেলারও গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ, I-87 এ এক্সিট 8 থেকে একজিট 21A এর মধ্যে এবং বার্কশায়ার স্পারের মধ্যে নিষিদ্ধ করা হয়েছে। I-87 এর নিউবার্গ এবং NYC লাইনের এক্সিট 17 এবং I-287, I-95 এবং গার্ডেন স্টেট পার্কওয়ের মধ্যে গতি 45 মাইল প্রতি ঘন্টায় হ্রাস করা হয়েছে। গভর্নর মারিও এম. কুওমো সেতুতে গতি 35 মাইল প্রতি ঘন্টায় কমিয়ে আনা হয়েছে। স্টেট পার্কওয়ে, রুট 17, I-684 এবং I-84-এ 45 মাইল প্রতি ঘন্টা বেগের গতির অ্যাডভাইসরি নিয়োগ করা হবে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পুলিশ কর্মকর্তারা, ফরেস্ট রেঞ্জাররা, জরুরী ব্যবস্থাপনার কর্মীগণ এবং আঞ্চলিক কর্মীগণ সতর্ক আছেন এবং বিকাশমান পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং তীব্র আবহাওয়া দ্বারা প্রভাবিত

হওয়ার সম্ভাবনা রয়েছে এমন এলাকা ও পরিকাঠামোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সমস্ত উপলভ্য সংস্থানসমূহ, যেমন স্নোমোবাইল এবং ATV, কৌশলগতভাবে অবস্থিত যে কোন জরুরি প্রতিক্রিয়াতে সহায়তা করার জন্য।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। রাজ্য পার্ক পুলিশের স্নোমোবাইল ইউনিট এবং পার্ক সয়ার কর্মীরা ঝড় মোকাবেলায় সাহায্য করতে প্রস্তুত। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 6,000 জন শ্রমিক রয়েছে। জন পরিষেবা বিভাগের কর্মীরা ঝড়ের পুরো ঘটনা জুড়ে ইউটিলিটির কাজগুলি পর্যবেক্ষণ করবে এবং ইউটিলিটিগুলি উপযুক্ত কর্মীদের দ্বারা সর্বাধিক প্রভাব অনুভূত অঞ্চলে স্থানান্তরিত হচ্ছে তা নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA)/ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং ক্যানাল কর্পোরেশনের কর্মীরা পূর্বাভাসকৃত আবহাওয়ার জন্য প্রস্তুতি নিয়েছে যাতে সমস্ত সুবিধা, সম্পদ এবং সরঞ্জাম সুরক্ষিত এবং প্রস্তুত থাকে। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনীয় অতিরিক্ত সেনা নিয়োগের জন্য স্টেট পুলিশ প্রস্তুত। ফোর-হুইল ড্রাইভের যানবাহন, স্নোমোবাইল, এবং ইউটিলিটি টাস্ক এর যানবাহন সহ বিশেষায়িত স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

বন্দর কর্তৃপক্ষ

উচ্চ বাতাস এবং উপকূলীয় বন্যার সাথে প্রত্যাশিত উচ্চ তুষারপাতের সাথে, বন্দর কর্তৃপক্ষ জরুরী যানবাহন এবং তুষার অপসারণের জন্য রাস্তা পরিষ্কার রাখার উদ্দেশ্যে এই অঞ্চল জুড়ে অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার অনুরোধ জানিয়েছে। বন্দর কর্তৃপক্ষের বিমানবন্দরের অভিমুখী এবং বহির্মুখী বেশিরভাগ ফ্লাইট ইতিমধ্যেই আজকের জন্য বাতিল করা হয়েছে। বন্দর কর্তৃপক্ষের বিমানবন্দরের মাধ্যমে যাত্রা করেন যে ভ্রমণকারীরা, তাদের বিলম্ব, বাতিল এবং পুনঃবুকিং সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য সরাসরি বিমান সংস্থার সাথে যোগাযোগ করা উচিত। পোর্ট অথরিটি বাস

টার্মিনাল থেকে পরিচালিত বাস ক্যারিয়ারগুলোও আজ কার্যক্রম স্থগিত করেছে। যাত্রীদের আপডেট এবং রিবুকিং এর জন্য বাস ক্যারিয়ারের সাথে যোগাযোগ করা উচিত। উচ্চ বাতাসের কারণে, সব খালি ট্রাক্টর ট্রেলার, ট্যান্ডেম ট্রেলার, মোটরসাইকেল এবং বাড়ির ট্রেলার জর্জ ওয়াশিংটন ব্রিজ এবং এজেন্সির স্টেটেন আইল্যান্ড সেতুতে নিষিদ্ধ করা হয়েছে। জর্জ ওয়াশিংটন সেতুর উপর সাউথ ওয়াক, বেয়োনে সেতুর যৌথ ব্যবহারের পথ, এবং গোয়েথালস ব্রিজের অংশীদারি ব্যবহারের পথ বন্ধ করে দেওয়া হয়েছে এবং ঝড়ের মেয়াদকালের জন্য বন্ধ থাকবে। বিকেল 3টা থেকে, সকল PATH সার্ভিস সিস্টেম বন্ধ করা হবে। যাত্রীদের সেই অনুযায়ী ভ্রমণ পরিকল্পনা সমন্বয় করা উচিত এবং PATH স্টেশনে প্রবেশ এবং প্রস্থান করার সময় সতর্কতা অবলম্বন করা উচিত। এই অঞ্চল জুড়ে পরিস্থিতির পরিবর্তনের সাথে সাথে গ্রাহকদের পোর্ট অথরিটির সামাজিক মিডিয়ার আপডেট চেক করতে, PA অ্যালার্টের জন্য সাইন আপ করতে, অথবা পোর্ট অথরিটি ফেসিলিটির সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য PA মোবাইল অ্যাপস ডাউনলোড করতে উৎসাহিত করা হয়।

নিরাপত্তা পরামর্শ

<u>শীতকালীন নিরাপত্তা</u>

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে, নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ে মৃত্যুর এবং আঘাতের প্রধান কারন হল পরিবহণ দুর্ঘটনা। চালকের আসনে বসার আগে, নিশ্চিত করুন যে আপনার গাড়ি বরফ এবং তুষারমুক্ত; ভালো গাড়ি চালানোর মূলে হল পরিষ্কার দৃষ্টি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সকল সড়কের মোটরচালকদের জন্য এটি জানা গুরুত্বপূর্ণ যে স্নো প্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, সুনিশ্চিত করতে যে ছড়িয়ে

লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নো প্লাওর ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

বন্যা সংক্রান্ত নিরাপত্তা

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়া সতর্কতা একটি কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- একটি 'পরিবার পালাবার' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, প্লাইউড, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-নিরোধক হিসেবে ব্যবহার করার জন্য হাতের কাছে রাখুন।
- হাতে দুর্যোগ সরবরাহ রাখুন, এগুলো সহ:

  - টর্চলাইট এবং অতিরিক্ত ব্যাটারি;

- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি;
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল;
- জরুরি খাদ্য এবং জল;
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার;
- প্রয়োজনীয় ওষুধ; এবং
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড।

সকল আবহাওয়া সংক্রান্ত ঘটনা সম্পর্কে আরও নিরাপত্তার পরামর্শের জন্য, www.dhses.ny.gov/oem/safety-info/index.cfmএ DHSES ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন